



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-২০২/৮৩০

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯  
০৭ আগষ্ট ২০২২

বিষয় : প্রতিষ্ঠাতা বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র জমাদান প্রসঙ্গে

সূত্র : বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর ই-ফাইলে নং ২৩৩২২১১৪৪৪১১ আইডির আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলাধীন নাগবাড়ী তালিমুল ইসলাম দাখিল মাদ্রাসার কমিটি নির্বাচনে খসড়া ভোটার তালিকায় প্রতিষ্ঠাতা ক্যাটাগরি থেকে অধ্যাপক মাওলানা মো: আব্দুল হামিদকে বেআইনীভাবে বাদ দেয়া হয়েছে মর্মে অধ্যাপক মাওলানা মো: আব্দুল হামিদ কর্তৃক অভিযোগ দাখিল করা হয়েছে।

এমতাবস্থায় অভিযোগের স্বপক্ষে সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ মাদ্রাসাটি প্রতিষ্ঠাকালীন প্রতিষ্ঠা বিষয়ক জমির দলিল, রেজুলেশন ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ২ এর (জ) অনুযায়ী প্রতিষ্ঠাতা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৭.০৮.২০২২

মো: সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার  
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

০৭.০৮.২২

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯  
০৭ আগষ্ট ২০২২

অধ্যাপক মাওলানা মো: আব্দুল হামিদ(অভিযোগকারী),  
পো: জটাবাড়ী, মধুপুর, টাঙ্গাইল।

নং-বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-২০২/৮৩০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল;
২. উপজেলা নির্বাহী অফিসার, মধুপুর, টাঙ্গাইল;
৩. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;
৪. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. অফিস কপি।

০৭/০৮/২২

মো: ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৭.০৮.২২